



ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী,
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

স্থানীয় ক্রয়ের জন্য সীমিত দরপত্র

দরপত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.১৯.১০৪৬
তারিখ ১৪ জানুয়ারি ২০১৯
খোলার তারিখঃ ২০ জানুয়ারি ২০১৯
বেলা-১২৩০ ঘটিকা

জনাব

নিম্নলিখিত দ্রব্যাদি ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড ০১টি প্রিন্টার সরবরাহ করার জন্য আপনাদের কাছ থেকে বর্ণিত মালামালের সর্বনিম্ন মূল্য তালিকা আহ্বান করা যাচ্ছে। আপনাদের মূল্য তালিকা অবশ্যই অপর পৃষ্ঠায় বর্ণিত আমাদের শর্তাবলী অনুযায়ী হতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এ কে এম মনিরুজ্জামান
জিএম (এডমিন)
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

স্থানীয় দরপত্রের অংশগ্রহণের শর্তাবলী

- ১। দরপত্র ফ্রি সরবরাহ এন্ড সাইট শর্ত ছাড়া অন্য কোন শর্তে গ্রহণযোগ্য নয়।
- ২। দরপত্রে অংশ গ্রহণকারীকে সরকারী বিধি মোতাবেক কাষ্টমস কর্তৃপক্ষের দপ্তর থেকে মুসক সেবার কোড এর ২১১৭১০০০০৬৭ আওতাধীন “যোগানদার” হিসেবে মূল্য সংযোজন কর/ টার্নওভার ট্যাক্স নিবন্ধিত হতে হবে এবং এ দরপত্রের সাথে মুসক/টার্নওভার ট্যাক্স নিবন্ধন পত্রের কপি সংযুক্ত করতে হবে। বিধি মোতাবেক মুসক আদায়/রহিত করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।
- ৩। সরবরাহকারীর মূল্য (স্বহস্তে লিখিত বা ছাপানো হোক) পরিষ্কারভাবে সীলমোহরকৃত খামে ব্যবস্থাপনা পরিচালক, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, বন্দর, নারায়ণগঞ্জ সম্বোধনপূর্বক পাঠাতে হবে।
- ৪। মূল্য যাচাইপত্র নং বাবি ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.১৯.১০৪৬ তারিখ ১৪ জানুয়ারি ২০১৯ জমা নেবার শেষ তারিখ ২০ জানুয়ারি ২০১৯ বেলা ১২.১৫ মিঃ পর্যন্ত।
- ৫। মূল্য তালিকা ডাক অথবা স্বহস্তে ডকইয়ার্ডের প্রধান ফটকে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। মূল্য তালিকা কমপক্ষে ৪০ দিন পর্যন্ত অবশ্যই বলবৎ রাখতে হবে। ক্রয়াদেশ প্রদানের তারিখ হইতে ১৫ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- ৬। ক্রয়াদেশ বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর মালামাল সরবরাহ করা হলে প্রতি সপ্তাহে অথবা অংশ বিশেষ এর জন্য ০.৫% হার এলডি এবং সরবরাহ অধিক বিলম্বের কারণে উৎপাদন ব্যহত হলে/কোন ক্ষতি হলে প্রতি সপ্তাহের অথবা তার অংশ বিশেষের জন্য অনধিক ১% হারে এলডি সরবরাহকারীর নিকট হতে কর্তন করা হবে।
- ৭। সরবরাহকারী কর্তৃক সময়মত মালামাল সরবরাহে ব্যর্থ হলে অসরবরাহকৃত মালামাল অন্যত্র হতে ক্রয় করতঃ অতিরিক্ত খরচ (যদি কিছু থাকে) সরবরাহকারীর নিকট হতে আদায় করা হবে।
- ৮। আমাদের নির্দিষ্ট মূল্য যাচাই পত্রের দরপত্র ফরম ব্যতিরেকে অন্য যে কোন শিরোনামাঙ্কিত পত্রের মূল্য তালিকা পাঠানো হলে উহা গ্রহণযোগ্য নাও হতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য নয়।
- ৯। ডিইডব্লিউ লিঃ কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল মূল্য তালিকাই গ্রহণ অথবা নাকচ করার ক্ষমতা থাকবে।
- ১০। কোন গ্রহণযোগ্য মূল্য তালিকার সরবরাহকারীকে ক্রয়াদেশ বিধি মোতাবেক দ্রব্য সরবরাহ সুনিশ্চিত করার জন্য তালিকাভুক্তি ছাড়া সরবরাহকারীর নিকট হতে ৩% হারে জামানত আহবান করা যাবে। উক্ত জামানত এবং তালিকাভুক্ত সরবরাহকারীর স্থায়ী জামানত ডিইডব্লিউ লিঃ কর্তৃপক্ষের আইনের পরিপন্থী এবং ক্রয়াদেশ বর্হিত্ত যে কোন কার্যের জন্য অর্থাৎ নির্দিষ্ট সময় সরবরাহ করতে অপারগ, প্রতিজ্ঞা অথবা নমুনা কিংবা ক্রয়াদেশ মোতাবেক সরবরাহ না করার জন্য বাজেয়াপ্ত করা যাবে।
- ১১। আমাদের এ শর্তাবলী স্বীকার করে নেওয়ার পর সরবরাহকারী কর্তৃক কোন প্রকার অবহেলা অথবা অন্য যে কোন নিজস্ব কারণে যদি শর্তাবলী বিঘ্নিত হয় এবং তার পরিপ্রেক্ষিতে ডকইয়ার্ডের যে কোন দ্রব্যগত বা অর্থগত ক্ষতি সরবরাহকারীর জামানত হতে পূরণ করা হবে।
- ১২। ক্রয়াদেশভুক্ত একই দফার আংশিক সরবরাহ গ্রহণযোগ্য নয়।

সালিসীর মধ্যস্থতা

উপরোক্ত শর্তাবলীর উপর যদি কোন মত বিরোধ দেখা দেয় তবে বিষয়টি নিষ্পত্তির জন্য উভয় পক্ষের মতানুসারে একটি সালিসী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক মনোনীত সালিসী পক্ষ এবং সরবরাহকারীর মনোনীত সালিসী পক্ষের মধ্যস্থতায় নিষ্পত্তির চেষ্টা করা হবে, তাতেও বিফল হলে উভয় সালিসী পক্ষের লিখিত মনোনয়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাতেও গৃহীত সিদ্ধান্ত ব্যর্থ হলে ১৯৪০ সালের সালিসী আইন অনুযায়ী চরম সিদ্ধান্তের জন্য একটি চরম সালিসী পক্ষকে মেনে নিতে হবে এবং সে সিদ্ধান্ত উপরে বর্ণিত শর্তাবলী আইনানুগভাবে সংযোজিত হবে এবং উভয় পক্ষকে মেনে নিতে হবে।

বিশেষ দৃষ্টব্যঃ উপরে উল্লেখিত যে কোন ঘরের নির্দিষ্ট বক্তব্য হতে বিরত থাকলে সরবরাহকারীর মূল্য উদ্ধৃত বাতিল হতে পারে। মূল্য উদ্ধৃতির সকল মূল্যহার পরিষ্কারভাবে লিখতে হবে। কোনরূপ অস্পষ্টতা অসম্পূর্ণতা অথবা পুনঃলিখনের মাধ্যমে ভুল বুঝার অবকাশ থাকলে উদ্ধৃতির উক্ত অংশটুকু বাতিল বলে গণ্য হবে।



ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

সূত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.১৯.১০৪৬

তারিখ ১৪ জানুয়ারি ২০১৯

দরপত্র খোলার তারিখঃ

বেলা ১২৩০ ঘটিকা

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	টাকা	
			অংকে (একক দর)	কথায়

৳

কর্মাশিয়াল (লোকাল)

সরবরাহকারীর নাম ও ঠিকানাঃ

সীলসহ স্বাক্ষর